



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নথি নং- ৫৮মাধ্য/সনদ/২০০৫/৮৬/ ২৮

তারিখ-০৭/০৩/২০১৬

বিষয় : ২০১৫ সালের এসএসসি পরীক্ষার মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৫ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নে বর্ণিত সময় ও নিয়ম অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ১৩/০৩/২০১৬ হতে ৩১/০৩/২০১৬ পর্যন্ত।

সময় : সকাল ১০:৩০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত।

সনদ বিতরণের স্থান : ০৪ নং ভবনের ০৬ তলা (লিফটের ০৫)।

জেলা ওয়ারী বিতরণের তারিখঃ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১	ঢাকা মহানগর ও ঢাকা জেলা	১৩/০৩/২০১৬।
০২	বৃহত্তর ময়মনসিংহ	১৪/০৩/২০১৬।
০৩	বৃহত্তর ফরিদপুর	১৬/০৩/২০১৬।
০৪	গাজীপুর, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ	২০/০৩/২০১৬।

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য গ্রুপওয়ারী কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির/গভর্নিং বডি'র সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডি'র চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না। প্রকাশ থাকে যে, কোন ছাত্র/ছাত্রী সাময়িক সনদপত্র গ্রহণ করে থাকলে মূল সনদপত্র প্রদানের সময় সাময়িক সনদপত্র ফেরৎ নিতে হবে। পরবর্তীতে গৃহিত সমস্ত সাময়িক সনদপত্র নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

যে সকল শিক্ষা প্রতিষ্ঠান জেএসসির (২০১৪ সাল পর্যন্ত) সনদ এখনো পর্যন্ত গ্রহণ করেন নি তাদের কে অবশ্যই প্রয়োজনীয় কাগজপত্রসহ এসএসসির সাথে জরুরি ভিত্তিতে জেএসসির সনদ নেয়ার জন্য অনুরোধ করা হলো।

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

ফোন নং- ৯৬৬৯৮১৫, ৮৬২৫৭৪৬

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

.....স্কুল/কলেজ

ডাকঘর.....উপজেলা.....

জেলা.....।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

ফোন নং- ৮৬২৫৭৪৬